


# ২০২৭ সালের এসএসসি পরীক্ষা চলতি বছরের ডিসেম্বরে : শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

সেশনজট কমিয়ে আনার জন্য ২০২৭ সালের  
মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও  
সমমান পরীক্ষা নির্ধারিত সময়ের চেয়ে এগিয়ে  
নিয়ে এসে চলতি বছরের ডিসেম্বর অনুষ্ঠিত হবে  
বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. এহছানুল হক  
মিলন।

গা পড়ুন



হাজার চেষ্টা করলেও আ. লীগ হতে  
পারবেন না— বিএনপিকে জামায়াত  
আমির

শনিবার (২৫ এপ্রিল) সচিবালয়ে এমপিওভুক্ত  
শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বদলি  
সংক্রান্ত নীতিমালা নিয়ে বৈঠক শেষে  
সাংবাদিকদের এ কথা জানান তিনি।

## পড়ুন



আরো একটি শিরোপাহীন মৌসুমের  
দ্বারপ্রান্তে রিয়াল মাদ্রিদ

শিক্ষামন্ত্রী বলেন, করোনা পরবর্তী সময়ে এবং  
বিভিন্ন রাজনৈতিক পরিস্থিতির কারণে পরীক্ষার  
যে সময়সূচি এলোমেলো হয়ে গিয়েছিল, তা  
পুনরায় স্বাভাবিক ছন্দে ফিরিয়ে আনতেই এই  
সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ২০২৭ সালের এসএসসি  
পরীক্ষা আমরা চলতি বছরের ডিসেম্বরেই শেষ  
করতে চাই।

তিনি আরো বলেন, ঠিক একই কারণে ২০২৭  
সালের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষাও  
এগিয়ে আনা হবে।

